



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

জনসংযোগ অধিশাখা


তারিখ: ২৮ এপ্রিল ২০১৯

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ০৫ মে ২০১৯ তারিখে অনুষ্ঠেয় ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন ২০১৯ কভার করতে ইচ্ছুক সাংবাদিকদের সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার প্রদান করা হবে। ঢাকা হতে যেসব সাংবাদিক নির্বাচন কভার করতে যাবেন তাদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার নির্বাচন কমিশন সচিবালয় হতে এবং স্থানীয় সাংবাদিকদের পরিচয়পত্র রিটার্নিং অফিসারের দপ্তর হতে প্রদান করা হবে। ঢাকাস্থ সাংবাদিকদের পরিচয়পত্র সংগ্রহের জন্য অনলাইনে আবেদন করতে হবে। এজন্য নির্বাচন কমিশনের ওয়েবসাইট www.ecs.gov.bd এর “সাংবাদিক অনলাইন নিবন্ধন” ট্যাব-এ ক্লিক করে নির্ধারিত পদ্ধতিতে আবেদন করতে হবে।

নিবন্ধন প্রক্রিয়া নিম্নরূপ:

- নির্বাচন কমিশনের ওয়েবসাইটে ব্রাউজ করুন www.ecs.gov.bd
- “সাংবাদিক অনলাইন নিবন্ধন” লিংক-এ ক্লিক করুন
- রেজিস্টার বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে রেজিস্ট্রেশন করুন। প্রতিষ্ঠান ও এডমিনের রেজিস্ট্রেশন সম্পন্ন হলে মোবাইলে ইউজারনেম ও পাসওয়ার্ডসহ কনফার্মেশন ম্যাসেজ আসবে। এরপর লগইন লিংক-এ ক্লিক করে ইউজারনেম ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন
- লগইন করার পর সাংবাদিক পেজে প্রবেশ করুন। একের অধিক সাংবাদিক রেজিস্ট্রেশন করার জন্য যোগ করুন বাটনে ক্লিক করুন। এরপর সাংবাদিক তথ্য প্রদান করার পেজ আসবে। সাংবাদিকের তথ্য প্রদান করুন। যথা-ছবি, ফোন নং, নাম, লিঙ্গ, জন্মতারিখ, ই-মেইল, এনআইডি, প্রেস কার্ড (স্ক্যান ছবি), গাড়ির রেজিস্ট্রেশন নং (ব্যবহার করলে), পিআইডি এ্যাক্রিডিটেশন কার্ড (যদি থাকে) আপলোড করুন এবং তথ্যসংগ্রহের এলাকা বাছাই করুন
- সাবমিট বাটনে ক্লিক করুন। সাংবাদিকের রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে যাবে এবং এডমিন ও সংশ্লিষ্ট সাংবাদিকের মোবাইল ফোনে রেজিস্ট্রেশন নিশ্চিতকরণ ম্যাসেজ যাবে
- নির্বাচন কমিশন থেকে আবেদন গৃহীত/বাতিল হলে সংশ্লিষ্ট সংবাদ প্রতিষ্ঠানের এডমিন ও সংশ্লিষ্ট সাংবাদিকের মোবাইল ফোনে “আপনার আবেদনটি নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত/বাতিল হয়েছে” মর্মে ম্যাসেজ যাবে। যাদের আবেদন গৃহীত হবে তারা তাদের এডমিনের সহায়তায় সাংবাদিক পরিচয়পত্র ইস্যুকরণ অনলাইন কপি প্রিন্ট করতে পারবেন।
- সাংবাদিক পরিচয়পত্র ইস্যুকরণ অনলাইন প্রিন্টেড কপি নির্বাচন কমিশন সচিবালয় এর জনসংযোগ শাখায় জমা দিয়ে সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার সংগ্রহ করতে হবে।


(এস এম আসাদুজ্জামান)
যুগ্মসচিব (জনসংযোগ)
ফোনঃ ৫৫০০৭৫২০